

০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখ উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার সভাপতি : জনাব নাসিমা সাদেক
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কেশবপুর, যশোর।
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট” ক

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন, জনাব নাসিমা সাদেক, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর। সভার শুরুতে সভাপতি মহোদয় সকল সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

- আলোচ্য সূচীঃ
- ১) জইকা প্রশিক্ষনার্থী নির্বাচন সংক্রান্ত
 - ২) ২০২১-২০২২ অর্থ বৎসরে ভিজিডি কার্যক্রমের আওতায় উপকারভোগীদের আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান এবং সঞ্চয় আদায়ের সহায়তা করণ।
 - ৩) ভিজিডি সঞ্চয়ের সার্বিক হিসাব ব্যাংক কর্তৃক প্রদান করণ।


অতঃপর কমিটির সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের জন্য ১১টি ইউনিয়নে চলমান ২৫৮৩ ভিজিডি উপকারভোগীদের মাসিক ৩০ কেজি চাউল প্রদান কার্যক্রম চলমান আছে। তাছাড়া ভাতাভোগীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। দুঃস্থ ও শিশু কল্যাণ তহবিল হতে অনুদান প্রাপ্তির জন্য আবেদন আহবান করা হচ্ছে এ ব্যাপারে সভায় ব্যাপক আলোচনা করা হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অতিদ্রুত দুঃস্থ, দরিদ্র ও অসহায় মহিলাদের নতুন ভাতাভোগী হিসাবে নির্বাচন এবং প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ কার্যক্রম সঠিকভাবে গ্রহণ করছে কি-না সে দিকে নজর রাখার জন্য জোর তাগিদ প্রদান করেন এবং পুরাতন ভাতাভোগীদের দ্রুত ভাতা পরিশোধের জন্য অনুরোধ জানান। এছাড়া সামনের মাসে জইকা কর্তৃক সূচশিল্পের প্রশিক্ষণ কার্যক্রমেসকলের সহযোগীতার জন্য অনুরোধ করা হয়।

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য আয়বর্ধক প্রকল্প (আইজিএ) এর মাধ্যমে দুইটি ট্রেডে (৫০+৫০)=১০০ জন মহিলাকে বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন কোর্সে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাদেরকে হাজিরার ভিত্তিতে ২০০/-টাকা করে ভাতা প্রদান করা হয়।

সভাপতি মহোদয় ভিজিডি উপকারভোগীদের প্রশিক্ষণ আরো বেগবান করার সিদ্ধান্ত প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- ১। ২০২১-২২ অর্থ বছরের সকল ভিজিডি উপকারভোগীদের নিয়মিত ৩০ কেজি চাউল প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
 - ২। ভিজিডি উপকারভোগীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
 - ৩। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ শেষে যাতে উদ্যোক্তা হতে পারে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
 - ৪। জইকা কর্তৃক প্রশিক্ষণের দ্রুত ব্যবস্থা করা।
- বাস্তবায়নেঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর।



(নাসিমা সাদেক)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
কেশবপুর, যশোর।